# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৫৯

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি অসুস্থ ব্যক্তিকে দেখতে যাবে এবং তার জন্য দুআ করবে, তখন তার জন্য আবশ্যক হলো ডান হাত দিয়ে তাকে স্পর্শ করা

ذكر البيان بأن العائد إِذَا قَعَدَ عِنْدَ الْعَلِيلِ وَأَرَادَ أَنْ يَدْعُوَ لَهُ يَجِبُ أَنْ يَمْسَحَهُ بِيَمِينِهِ

আরবী

2959 - أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ خَلَّادٍ الْبَاهِلِيُّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى الْقَطَّانُ قَالَ: أَخْبَرَنَا سُفْيَانُ عَنْ سُلَيْمَانَ عَنْ مُسْلِمٍ عَنْ مَسْرُوقٍ عَنْ عَائِشَةَ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم كان إِذَا عَادَ الْمَرِيضَ مَسَحَهُ بِيَمِينِهِ وَقَالَ: (أَذْهِبِ الْبَاسَ رَبَّ النَّاسِ! وَاشْفِ أَنْتَ الشَّافِي اشْفِ شِفَاءً لَا يُغَادِرُ سَقَمًا) قَالَ: فَحَدَّثْتُ بِهِ مَنْصُورًا فَحَدَّثَنِي عَنْ إِبْرَاهِيمَ عَنْ مَسْرُوقٍ عَنْ عائشة: ........ بنحوه

الراوي : عَائِشَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2959 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (2775): ق.

বাংলা

২৯৫৯. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কোন রুগীকে দেখতে যেতেন, তখন তিনি তাকে ডান হাত দিয়ে স্পর্শ করতেন এবং বলতেন, أَذْهِبِ الْبَاسَ رَبَّ النَّاسِ! وَاشْفِ أَنْتَ الشَّافِي اشْفِ شِفَاءً لَا يُغَادِرُ سَقَمًا (কষ্ট দূর করুন, হে মানুষের প্রভু, এবং আরোগ্য দান করুন। আপনি আরোগ্য দানকারী। আপনি এমন নিরাময় দান করুন, যা কোন অসুস্থতাকে বাকী রাখবে না)।”

রাবী বলেন, “তারপর আমি হাদীসটি মানসূরের কাছে বর্ণনা করি। অতঃপর তিনি আমাকে ইবরাহিম থেকে, তিনি মাসরূক থেকে তিনি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে অনুরুপ হাদীস বর্ণনা করেছেন।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৪৪; সহীহুল বুখারী: ৫৭৪৩; সহীহ মুসলিম: ২১৯১; সুনান বাইহাকী: ৩/৩৮১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৯৭৮৩; ইবনু মাজাহ: ৩৫২০।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৭৭৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92289

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন